



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)  
প্রাণিসম্পদ অধিদপ্তর (ডিএলএস)  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫  
<http://: lddp.portal.gov.bd>



## স্কুল শিক্ষার্থীদের জন্য নিরাপদ এবং পুষ্টিকর দুগ্ধজাত পণ্য প্রদর্শনী (স্কুল মিল্ক কর্মসূচী) কার্যক্রম বাস্তবায়নে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট থেকে আবেদনপত্র আহবান

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ধীন প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিসম্পদ খাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় “প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)” বাস্তবায়ন করছে। প্রকল্পটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে দেশের দুগ্ধ উৎপাদন বৃদ্ধি এবং ভোক্তা পর্যায়ে দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য গ্রহণে আগ্রহ সৃষ্টির উদ্যোগ গ্রহণ করেছে। এ উদ্যোগের অংশ হিসেবে ২০২৩ থেকে ২০২৫খ্রি: পর্যন্ত দেশের ৬১টি জেলায় (পার্বত্য ৩টি জেলা ব্যতীত) মোট ৩০০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে প্যাকেট জাত ইউএইচটি / পাস্তুরাইজড দুগ্ধ পান করানো হবে। প্রাথমিকভাবে জুন, ২০২৩খ্রি. পর্যন্ত ৫০ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে এ কার্যক্রম বাস্তবায়ন করা হবে। নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ের প্রত্যেক শিক্ষার্থীর জন্য ২০০ মি.লি প্যাকেটজাত ইউ এইচটি দুগ্ধ সরবরাহ করা হবে।

এই কার্যক্রম বাস্তবায়নে (৩০০টি বিদ্যালয়ে) আগ্রহী দুগ্ধ উৎপাদন, প্রক্রিয়াকরণ ও সরবরাহকারী প্রতিষ্ঠান / কোম্পানীর নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। প্রাপ্ত আবেদন নির্বাচিত মানদণ্ডের ভিত্তিতে মূল্যায়ন করা হবে।

### আবেদনকারীর যোগ্যতা:

১. আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে;
২. আবেদনকারী অধিক পরিমাণে গবাদিপশুর দুগ্ধ সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণের সক্ষমতা থাকতে হবে এবং উৎপাদন কার্যক্রম প্রকল্পের আওতাভুক্ত এলাকায় অবস্থিত হতে হবে;
৩. আবেদনকারীকে গবাদিপশুর দুগ্ধ সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সরবরাহের ন্যূনতম ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
৪. আবেদনকারীকে বৈধ ট্রেড লাইসেন্স ও টিআইএন (TIN) সার্টিফিকেট দাখিল করতে হবে;
৫. আবেদনকারীকে বেসরকারি উদ্যোক্তা/প্রাইভেট লিমিটেড কোম্পানি/পাবলিক লিমিটেড কোম্পানি/ সরকার নিয়ন্ত্রিত সমবায়ী প্রতিষ্ঠান হতে হবে।

প্রাথমিকভাবে ৫০টিসহ মোট ৩০০টি নির্বাচিত প্রাথমিক নির্বাচিত বিদ্যালয়ে দুগ্ধ সরবরাহে আগ্রহী প্রতিষ্ঠান / কোম্পানিকে আগামী ২০ জানুয়ারি, ২০২৩খ্রি: তারিখের মধ্যে এলডিডিপি'র নির্ধারিত ফর্মে আবেদনপত্র নিম্নোক্ত ঠিকানায় জমা দেওয়ার অনুরোধ করা হচ্ছে। আবেদনের ফরম এবং বিস্তারিত শর্তাবলী প্রকল্পের পোর্টাল <https://lddp.portal.gov.bd>, প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইট [www.dls.gov.bd](http://www.dls.gov.bd), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইট <https://mofl.gov.bd> এবং প্রকল্প পরিচালকের দপ্তরে পাওয়া যাবে। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে প্রকল্প দপ্তর নির্ধারিত ফরমেটে Letter of agreement (LoA) স্বাক্ষর করবে।

মোঃ আব্দুর রহিম  
প্রকল্প পরিচালক (যোগাযোগ)  
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)  
ফোন: ০২-৫৮১৫৪৯১৩, ইমেইল: [lddp@dls.gov.bd](mailto:lddp@dls.gov.bd)



প্রাণিসম্পদ ভবন-২ (৭ম তলা) কৃষি খামার  
সড়ক  
ফার্মগেট, ঢাকা-১২১৫